

স্মারক নং- ইআবি/জনসংযোগ ত.ও প./সংবাদ বিজ্ঞপ্তি/২০১৯/০০১৫৭

তারিখ: ১৮ এপ্রিল, ২০২৩ খ্রিষ্টাব্দ

### সংবাদ বিজ্ঞপ্তি

## ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার হিসেবে যোগদান করেছেন ড. মোহাম্মদ কামরুল ইসলাম

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার হিসেবে যোগদান করেছেন পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সাবেক ভারপ্রাপ্ত রেজিস্ট্রার ড. মোহাম্মদ কামরুল ইসলাম। ড. মোহাম্মদ কামরুল ইসলাম পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ থেকে স্নাতকোত্তর ও ২০১৫ সালে স্কলারশিপ নিয়ে দক্ষিণ কোরিয়ার গিয়ং সান ন্যাশনাল বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি ডিগ্রী সম্পন্ন করেছেন। ছাত্রজীবনে তিনি পরপর দুই মেয়াদে পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি কৃষিবিদ ইনস্টিটিউট বাংলাদেশের আজীবন সদস্য। ড. মোহাম্মদ কামরুল ইসলাম পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে জনসংযোগ কর্মকর্তা, কাউন্সিল অ্যাফেয়ার্স সেকশনের ডেপুটি রেজিস্ট্রার, সংস্থাপন শাখার ডেপুটি রেজিস্ট্রার, মাননীয় উপাচার্যের একান্ত সচিব এবং তথ্য প্রদানকারী ইউনিটের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাসহ নানা গুরুত্বপূর্ণ দায়িত্ব সফলভাবে পালন করেছেন।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে

স্বাক্ষরিত/-

(ড. মো. আবু হানিফা)

উপ-রেজিস্ট্রার

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অনুলিপি:

১. আইসিটি শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
২. অফিস নথি।